

তারিখ 25 NOV 1991 ...
পৃষ্ঠা... ৪... কলাম... ৩...

আজকের কাগজ

৪৩

নিরাপত্তার কারণে
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের
১০ জন ছাত্র বাইরে
পরীক্ষা দিয়েছে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১০ জন ছাত্রকে নিরাপত্তার কারণে বিশ্ববিদ্যালয়ের বাইরে পরীক্ষা দিতে হয়েছে। সর্বদলীয় ছাত্রশ্রমিকের লাগাতার ধর্মঘটের আওতায় অনার্স পরীক্ষাকে রাখা হয়নি। অন্যদিকে ডার্সিটিতে পরীক্ষা দিতে যাওয়ার সময় শেষ বর্ষ ইতিহাসের ছাত্র মাহবুব শিবির কর্মীদের হাতে নাজেহাল হয়েছে। খবর চট্টগ্রাম থেকে জেলা প্রতিনিধি।

বিশ্ববিদ্যালয়ে গতকাল কোনো ক্লাস হয়নি। ৩য় বর্ষ অনার্স পরীক্ষা হয়েছে। শিবিরের অব্যাহত সন্ত্রাসের দরুন পরীক্ষা নিয়ন্ত্রক নিরাপত্তার কারণে ১০ জন পরীক্ষার্থীর পরীক্ষা বাইরের কর্মসূচী কলেজে নেয়ার ব্যবস্থা করেন।